জেসমিন টুলী
উপ-সচিব
নির্বাচন কমিশন সচিবালয়
ঢাকা।

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ফেব্রুয়ারি ২৭, ২০১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ, ১২ ফাল্গুন ১৪১৭ বঙ্গাব্দ/২৪ ফেব্রুয়ারি ২০১১ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৩৯-আইন/২০১১।**—Representation of the People Order, 1972 (P.O No. 155 of 1972) এর Article 94 এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন উক্ত Order এর Article 12 এর clause (3a) এর sub-clause (a) এর উদ্দেশ্য পূরণকল্পে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা স্বতন্ত্র প্রার্থী (প্রার্থীতার পক্ষে সমর্থন যাচাই) বিধিমালা, ২০১১ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) "Article" অর্থ Order এর কোন Article;

(২) "Order" অর্থ Representation of the People Order, 1972 (P.O No. 155 of 1972);

(৩) "কমিশন" অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১১৮ এর অধীন প্রতিষ্ঠিত নির্বাচন কমিশন;


মূল্য ঃ টাকা ৪.০০

(৪) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(৫) "নিবন্ধিত রাজনৈতিক দল" অর্থ Article 90A এর অধীন নিবন্ধিত রাজনৈতিক দল;

(৬) "নির্বাচনী এলাকা" অর্থ Article 2(iv) এর অধীন সংজ্ঞায়িত কোন নির্বাচনী এলাকা;

(৭) "ফরম" অর্থ এই বিধিমালার তফসিলে বর্ণিত কোন ফরম;

(৮) "ভোটার" অর্থ Article 2(x) এর অধীন সংজ্ঞায়িত কোন ভোটার;

(৯) "ভোটার তালিকা" অর্থ ভোটার তালিকা আইন, ২০০৯ (২০০৯ সনের ৬নং আইন) এর অধীন প্রণীত চূড়ান্ত ভোটার তালিকা;

(১০) "রিটার্নিং অফিসার" অর্থ Article 2(xxi) এর অধীন সংজ্ঞায়িত রিটার্নিং অফিসার;

(১১) "স্বতন্ত্র প্রার্থী" অর্থ এমন একজন প্রার্থী যিনি কোন নিবন্ধিত রাজনৈতিক দলের মনোনীত প্রার্থী নহেন।

৩। **স্বতন্ত্র প্রার্থীর পক্ষে ভোটারের সমর্থন সংগ্রহ, ইত্যাদি।**—(১) স্বতন্ত্র প্রার্থী যে নির্বাচনী এলাকা হইতে প্রতিদ্বন্দ্বিতা করিতে ইচ্ছুক, কেবল সেই এলাকার ভোটারগণের সমর্থন ফরম-ক তে উক্ত প্রার্থীর প্রার্থীতার অনুকূলে সংগ্রহ করিতে হইবে।

(২) স্বতন্ত্র প্রার্থী বা তদকর্তৃক মনোনীত প্রতিনিধি কর্তৃক তফসিলের ফরম-ক তে সংশ্লিষ্ট নির্বাচনী এলাকার এক শতাংশ ভোটারের তথ্য লিপিবদ্ধপূর্বক ভোটারগণের স্বাক্ষর কিংবা টিপসহি সংগ্রহ করিতে হইবে।

৪। **প্রার্থীতার সমর্থনসূচক তালিকা যাচাই পদ্ধতি।**—(১) স্বতন্ত্র প্রার্থী কর্তৃক বিধি ৩ এর অধীন সংগৃহীত এক শতাংশ ভোটারের তথ্যসহ স্বাক্ষর বা টিপসহি এর সমর্থনসূচক তালিকা Article 12 এর clause (3a) এর sub-clause (a) এর বিধান অনুসারে রিটার্নিং অফিসারের নিকট দাখিলের পর সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার উক্ত দাখিলকৃত এক শতাংশ ভোটারের সমর্থন যাচাই করিবেন।

(২) রিটার্নিং অফিসার উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত তালিকায় এক শতাংশ হইতে কম সংখ্যক সমর্থন এর ক্ষেত্রে উহা যাচাই এর কোন কার্যক্রম গ্রহণ করিবেন না এবং রিটার্নিং অফিসার এইরূপ মনোনয়নপত্র বাতিল করিবেন।

(৩) সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারগণ স্বতন্ত্র প্রার্থীর মোট সংখ্যা ফ্যাক্স, ই-মেইল কিংবা অন্য কোন মাধ্যমে কমিশনের মনোনীত কর্মকর্তাকে অবহিত করিবেন।

(৪) উপ-বিধি (৩) এর অধীন স্বতন্ত্র প্রার্থীর সংখ্যা অবগত হইবার পর মনোনীত কর্মকর্তা দৈবচয়নের ভিত্তিতে কম্পিউটার প্রোগ্রামের মাধ্যমে স্বতন্ত্র প্রার্থীগণ যে সমস্ত নির্বাচনী এলাকায় প্রতিদ্বন্দ্বিতা করিবার জন্য মনোনয়নপত্র দাখিল করিয়াছেন, উহাদের প্রতিটির জন্য ১০ টি সংখ্যা চিহ্নিত করিবেন, যাহা ক্রমিক ১ হইতে ১ শতাংশের মধ্যবর্তী যে কোন ১০ টি সংখ্যা হইবে।

(৫) উপ-বিধি (১) এর অধীন সমর্থনসূচক তালিকায় এক শতাংশের অধিক ভোটারের নাম অন্তর্ভুক্ত হইলে, যে ক্রমিক হইতে এই অধিক সংখ্যার শুরু উহা হইতে শেষ পর্যন্ত প্রাপ্ত ক্রমিকসমূহ উপ-বিধি (৩) এর অধীন দৈবচয়নের অন্তর্ভুক্ত হইবে না।

(৬) কমিশনের মনোনীত কর্মকর্তা উপ-বিধি (৪) এর অধীন চিহ্নিত ১০ টি সংখ্যা ফ্যাক্স, ই-মেইল বা অন্য কোন মাধ্যমে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট প্রেরণ করিবেন, এবং রিটার্নিং অফিসার প্রাপ্ত সংখ্যার বিপরীতে উল্লিখিত তথ্যাদির সত্যাসত্য সরেজমিনে যাচাই এর জন্য প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করিবেন।

(৭) উপ-বিধি (৬) এর অধীন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সরেজমিনে তদন্তপূর্বক তফসিলের ফরম-খ তে প্রত্যেক ভোটারের বিপরীতে একটি লিখিত প্রতিবেদন প্রস্তুত করিবেন যাহাতে তদন্তের ফলাফলের উপর ক্ষেত্রমত, সংশ্লিষ্ট এলাকার একজন ভোটারের প্রত্যয়ন অথবা যাচাইকৃত ভোটারের স্বাক্ষর কিংবা টিপসহি থাকিবে এবং উহা সংশ্লিষ্ট এলাকার অপর একজন ভোটার কর্তৃক প্রতিস্বাক্ষরকৃত বা টিপসহি থাকিবে।

**৫। যাচাইকৃত তালিকায় তথ্যের গরমিল থাকিলে মনোনয়ন বাতিল।**—বিধি ৪ এর অধীন স্বতন্ত্র প্রার্থীর প্রার্থীতার সমর্থনসূচক তালিকা যাচাই এর পর উক্ত তালিকার কোন একটি ক্রমিকে প্রদত্ত তথ্যের গরমিল থাকিলে সংশ্লিষ্ট প্রার্থী যথাযথ তথ্য প্রদান করেন নাই বলিয়া গণ্য হইবে এবং কমিশন উক্ত প্রার্থীর মনোনয়ন বাতিল করিতে পারিবে।

## ফরম-ক

**[ বিধি ৩ দ্রষ্টব্য ]**

**এক শতাংশ ভোটারের সমর্থনযুক্ত তালিকা**

স্বতন্ত্র প্রার্থীর নাম ঃ

নির্বাচনী এলাকার নম্বর ও নাম ঃ

মোট ভোটার সংখ্যা ঃ

এক শতাংশ ভোটারের সংখ্যা ঃ

| ক্রমিক | ভোটারের নম্বর | বর্তমান ঠিকানা ও টেলিফোন/ মোবাইল ফোন (যদি থাকে) | ভোটার নম্বর | ভোটারের স্বাক্ষর বা টিপসহি |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

প্রার্থী/প্রার্থীর নির্বাচনী এজেন্টের অনুস্বাক্ষর

| ক্রমিক | ভোটারের নম্বর | বর্তমান ঠিকানা ও টেলিফোন/ মোবাইল ফোন (যদি থাকে) | ভোটার নম্বর | ভোটারের স্বাক্ষর বা টিপসহি |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

প্রার্থী/প্রার্থীর নির্বাচনী এজেন্টের অনুস্বাক্ষর

১। এই নমুনায় অতিরিক্ত কাগজ সংযুক্ত করিতে হইবে।

২। এই ক্রমিক নম্বর ধারাবাহিকভাবে লিপিবদ্ধ করিতে হইবে।

৩। প্রতি পৃষ্ঠায় প্রার্থী/প্রার্থীর নির্বাচনী এজেন্টের অনুস্বাক্ষর ও শেষ পৃষ্ঠায় স্বাক্ষর প্রদান করিতে হইবে।

ফরম-খ

[ বিধি ৪(৭) দ্রষ্টব্য ]

**স্বতন্ত্র প্রার্থীর প্রার্থিতার পক্ষে সমর্থন যাচাই সংক্রান্ত প্রতিবেদন**

নির্বাচনী এলাকার নম্বর ও নাম ঃ

স্বতন্ত্র প্রার্থীর নাম ঃ

**প্রতিবেদন**

আমি অদ্য..........................তারিখ.......................ভোটার এলাকা.......................ভোটার নম্বরের বিপরীতে উল্লিখিত ভোটার..........................সমর্থন সরেজমিনে যাচাই করি।

নিম্নের ১ ও ২-এর মধ্যে যেটি প্রযোজ্য, সেটি রাখিয়া অন্যটি কর্তন করিতে হইবে।

১। যাচাইকালে সংশ্লিষ্ট ক্রমিক নম্বরের বিপরীতে উল্লিখিত ভোটারের নাম ও ঠিকানায় কোন ভোটার নাই।

( )
কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল

সাক্ষীর স্বাক্ষর কিংবা
টিপসহি ও ভোটার নম্বর

২। যাচাইকৃত ব্যক্তি নিম্নোক্ত বক্তব্য প্রদান করিয়াছেন ঃ
(যাহা প্রযোজ্য নয়, তাহা কর্তন করিতে হইবে)

(ক) উল্লিখিত প্রার্থীর প্রার্থিতার পক্ষে তিনি তালিকায় স্বাক্ষর করিয়াছেন/টিপসহি দিয়াছেন। প্রার্থীর দাবী সত্য।

(খ) উল্লিখিত প্রার্থীর প্রার্থিতার পক্ষে তিনি তালিকায় স্বাক্ষর করেন নাই/টিপসহি প্রদান করেন নাই। প্রার্থীর দাবী সর্বৈব মিথ্যা।

( )
কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল

উপরে বর্ণিত প্রতিবেদনের তথ্য আমি সজ্ঞানে প্রদান করিয়াছি এবং উহা সঠিক।

প্রতিস্বাক্ষরকারীর স্বাক্ষর বা টিপসহি | যাচাইকৃত ব্যক্তির স্বাক্ষর বা টিপসহি

নির্বাচন কমিশনের আদেশক্রমে

ড. মোহাম্মদ সাদিক
ভারপ্রাপ্ত সচিব।

মোহাম্মদ জাকীর হোসেন (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd